DINABANDHU MAHAVIDYALAYA
Estd.-1947
CENTRAL LIBRARY



## West Bengal State University

### B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2015

### PART-III

# PHILOSOPHY – Honours

### Paper– V

Duration : 4 Hours

Full Marks : 100

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*
*The figures in the margin indicate full marks.*

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।
প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের দ্যোতক।

Answer Q. No. 1 compulsorily and any *five* from the rest.
১ নং প্রশ্ন এবং অন্য যে-কোন পাঁচটি প্রশ্নের উত্তর দিন।

1. Answer any *five* questions within 150 words each :
যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর প্রতিটি ১৫০ শব্দের মধ্যে দিন ঃ 5 × 5 = 25

a) State the definition of *Smṛti* as mentioned in *Tarkasaṁgraha*. Explain the significance of the term *'mātra'* in the definition of *Smṛti*.
তর্কসংগ্রহ অনুসারে স্মৃতির লক্ষণ উল্লেখ করুন। লক্ষণ মধ্যস্থ 'মাত্র' শব্দটির তাৎপর্য আলোচনা করুন।

b) In the light of the definition of *yathārtha anubhava* given by Annaṃbhaṭṭa in Tarkasaṁgraha —
*'tadvati tatprakārakaḥ anubhabaḥ yathārthaḥ'*— discuss whether nirvikalpaka pratyakṣa can be taken to be a case of Pramā.
'তদ্বতি তৎপ্রকারকঃ অনুভবঃ যথার্থঃ' তর্কসংগ্রহে অন্নম্ভট্ট প্রদত্ত যথার্থ অনুভবের এই লক্ষণের আলোকে নির্বিকল্পক প্রত্যক্ষকে প্রমা বলে স্বীকার করা যায় কিনা, আলোচনা করুন।

c) Distinguish between *smṛti* and *pratyavijñā*.
স্মৃতি ও প্রত্যভিজ্ঞার মধ্যে পার্থক্য নির্ণয় করুন।

d) Give an example of a five-membered *kevalānvayī anumāna* and name the *avayavas*.
এটি পঞ্চ-অবয়বী কেবলান্বয়ী অনুমানের উদাহরণ দিন এবং এর অবয়বগুলির নাম উল্লেখ করুন।



[ Turn over

e) Distinguish between *samavāyi kāraṇa* and *asamavāyi karaṇa*. Point out the *samavāyi kāraṇa* and *asmavāyi karaṇa* of each of the following cases :
সমবায়ী এবং অসমবায়ী কারণের পার্থক্য নির্ণয় করুন। নীচের দৃষ্টান্তগুলির সমবায়ী ও অসমবায়ী কারণ উল্লেখ করুন ঃ
(i) Brown colour of the pot.
ঘটের বাদামী রঙ
(ii) Cutting of tree as an effect.
বৃক্ষচ্ছেদন রূপ কার্য ।

f) What does Annambhaṭṭa mean by *ākamkṣā*, *yogyotā* and *sannidhi* ?
অন্নম্ভট্ট আকাঙ্ক্ষা, যোগ্যতা এবং সন্নিধির দ্বারা কি বুঝিয়েছেন ?

g) Determine the respective Indriya, Artha and Sannikarṣa in each of the following cases :
নিম্নলিখিত ক্ষেত্রগুলিতে ব্যবহৃত ইন্দ্রিয়, অর্থ ও সন্নিকর্ষগুলির উল্লেখ করুন ঃ
(i) Perception of happiness in the self
আত্মায় সুখের প্রত্যক্ষ
(ii) Perception of blueness in the blue pot
নীল ঘটে নীলত্বের প্রত্যক্ষ
(iii) Perception of cowhood of the cow
গরুর গোত্বের প্রত্যক্ষ
(iv) Perception of the ground as characterised by the absence of the pot.
ঘটাভাব বিশিষ্ট ভূতলের প্রত্যক্ষ ।

h) Distinguish between *Nirvikalpaka* and *Savikalpaka pratyakṣa*.
নির্বিকল্পক ও সবিকল্পক প্রত্যক্ষের মধ্যে পার্থক্য করুন ।

i) *'Āptavākyam Śabdaḥ'* — Explain the statement with reference to the context after Annambhaṭṭa.
'আপ্তবাক্যং শব্দ ঃ' — পংক্তিটি প্রসঙ্গ উল্লেখ পূর্বক অন্নমভট্টকে অনুসরণ করে ব্যাখ্যা করুন ।

j) What are Viruddha and Bādhita hetvāvāsas ? Discuss with examples.
বিরুদ্ধ এবং বাধিত হেত্বাভাস কাকে বলে ? দৃষ্টান্তসহ ব্যাখ্যা করুন ।

2. a) Explain the definition of *buddhi* as given in *Tarkasamgraha*. 6
তর্কসংগ্রহে প্রদত্ত বুদ্ধির লক্ষণটি ব্যাখ্যা করুন ।

b) Why and how is the definition changed in Dīpika ? 6
দীপিকাতে লক্ষণটি কিভাবে ও কেন পরিবর্তন করা হয়েছে ?

c) Is the change satisfactory ? 3
পরিবর্তনটি কি সন্তোষজনক ?

3. a) How does Annambhaṭṭa initially define *anumiti* ?

অন্নম্ভট্ট কিভাবে অনুমিতির প্রাথমিক লক্ষণ দিয়েছেন ?

b) What objection is raised against the definition ?

এই লক্ষণের বিরুদ্ধে কি আপত্তি উত্থাপিত হয়েছে ?

c) How does *Annambhaṭṭa* overcome the objection ? 4 + 5 + 6

অন্নম্ভট্ট কিভাবে ঐ আপত্তির সমাধান করেছেন ?

4. a) Analyse the definition of *Pramā* as given in *Tarkasaṁgraha*. 5

তর্কসংগ্রহে প্রদত্ত প্রমার লক্ষণটি বিশ্লেষণ করুন ।

b) What objection is raised against the definition in *Dīpika* ? 6

দীপিকায় এই লক্ষণের বিরুদ্ধে কি আপত্তি উত্থাপিত হয়েছে ?

c) How does Annambhaṭṭa remove the objection ? 4

অন্নম্ভট্ট কিভাবে আপত্তিটি দুর করেছেন ?

5. a) Explain the definition of *Upamiti* following *Tarkasaṁgraha*. 5

তর্কসংগ্রহ অনুসরণে উপমিতির লক্ষণ ব্যাখ্যা করুন ।

b) Mention the *karaṇa* and *vyāpāra* of *upamiti*. 2

উপমিতির করণ ও ব্যাপার উল্লেখ করুন ।

c) Can *upamiti* be included in *Anumiti* ? 8

উপমিতিকে কি অনুমিতি অন্তর্গত করা যায় ?

6. a) What is *lakṣaṇā* ? 4

লক্ষণা কাকে বলে ?

b) Explain different kinds of *lakṣaṇā* with examples. 6

বিভিন্ন প্রকার লক্ষণা উদাহরণসহ ব্যাখ্যা করুন।

c) Explain in this context, the meaning of the following line :

*"Tātparyānupapattiḥ lakṣaṇāvījam."* 5

এই প্রসঙ্গে "তাৎপর্যানুপপত্তি লক্ষণাবীজম্ " — এই পংক্তিটির অর্থ ব্যাখ্যা করুন ।

7. What is *yogyānupalabdhi* ? Can *yogyānupalabdhi* be regarded as a distinct *pramāṇa* over and above the four *pramāṇas* admitted by Naiyāyikas — state after Annambhaṭṭa. 5 + 10

যোগ্যানুপলব্ধি কাকে বলে ? যোগ্যানুপলব্ধিকে কি ন্যায় স্বীকৃত চারটি প্রমাণের অতিরিক্ত প্রমাণ রূপে স্বীকার করা উচিত — অন্নম্ভট্ট অনুসারে ব্যাখ্যা করুন ।

8. a) State and explain the definition of *vyāpti* as states in *Tarkasaṁgraha*.
তর্কসংগ্রহে প্রদত্ত ব্যাপ্তির লক্ষণ ব্যক্ত করে ব্যাখ্যা করুন ।

b) How is it modified in *Dīpika* and why ?
দীপিকাতে লক্ষণটি কিভাবে পরিমার্জিত করা হয়েছে এবং কেন ?

c) How can *vyāpti* be known ? Discuss after Annaṃbhṭṭa.
অন্নম্ভট্টকে অনুসরণ করে ব্যাপ্তিগ্রহ কিভাবে সম্ভব তা উল্লেখ করুন ।

9. Point out the *Pakṣa*, *Sādhya* and *Hetu* in each of the following cases of anumiti and explain why the *hetu* is defective. 5 × 3
নিম্নলিখিত অনুমিতিগুলির পক্ষ, সাধ্য ও হেতু উল্লেখ করুন এবং হেতুটি কেন দুষ্ট তা ব্যাখ্যা করুন ।

a) The soul is eternal, because it is born .
আত্মা নিত্য, কারণ এটি জাত ।

b) Sky-lotus is fragrant, because it exists in *ākāsa*.
আকাশকুসুমে গন্ধ আছে, যেহেতু তা আকাশে থাকে ।

c) Sound is eternal, because it is an effect.
শব্দ নিত্য, যেহেতু তা কার্য ।

d) Parvataḥ vahnimān, *Prameyatvāt*.
পর্বতটি বহ্নিমান্, যেহেতু তা প্রমেয় ।

e) The cow has horns because it is an animal.
গরুর শিং আছে কারণ এটি একটি প্রাণী ।

10. Write short notes on any *two* : $7\frac{1}{2} + 7\frac{1}{2}$
টীকা লিখুন ( যে কোন দুটি ) :

a) *Vyāpāra*
ব্যাপার

b) *Śakti*
শক্তি

c) *Tarka*
তর্ক

d) *Kārya*
কার্য ।